গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

এবং

মন্ত্রিপরিষদ সচিব-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২০ - জুন ৩০, ২০২১

## সূচিপত্র

মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিক চিত্র ........ ৩

প্রস্তাবনা ........ ৪

সেকশন ১: মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি ........ ৫

সেকশন ২: মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) ........ ৬

সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ ........ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ........ ১৭

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর/সংস্থাসমূহ এবং পরিমাপ পদ্ধতি ........ ১৮

সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের উপর নির্ভরশীলতা ........ ২৩

## মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of the Ministry/Division)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

সরকারি আর্থিক ব্যবস্থাপনার আধুনিকায়নের মাধ্যমে দেশের আর্থ-সামাজিক উন্নয়ন এবং জনগণের নিকট সহজে সেবা পৌঁছানোর ক্ষেত্রে বিগত তিনটি অর্থবছরে অর্থ বিভাগ উল্লেখযোগ্য ভূমিকা রেখেছে। প্রতিবছর জাতীয় সংসদে বাৎসরিক বাজেট, মধ্যমেয়াদি বাজেট কাঠামো ও মধ্যমেয়াদি সামষ্টিক অর্থনৈতিক নীতি-বিবৃতি পেশ করা হয়েছে। পরপর তিনটি অর্থবছরে ৭ শতাংশের বেশি হারে জিডিপি প্রবৃদ্ধি অর্জনের পর গত ২০১৮-১৯ অর্থবছরে প্রবৃদ্ধি দাড়িয়েছে ৮.১৫ শতাংশে। তবে, করোনাভাইরাসজনিত বৈশ্বিক মহামারীর কারণে ২০১৯-২০ অর্থবছরে প্রবৃদ্ধির ধারাবাহিকতা কিছুটা বিঘ্নিত হয়েছে এবং প্রবৃদ্ধির হার ৫.২৪ শতাংশে দাঁড়িয়েছে। সামাজিক নিরাপত্তাসহ অন্যান্য সামাজিক খাতে লক্ষ্যাভিমুখী সম্পদ সঞ্চালনের ফলে ২০১৯ সালে দারিদ্রের হার হ্রাস পেয়ে ২০.৫ শতাংশে এবং অতিদারিদ্রের হার ১০.৫ শতাংশে নেমে এসেছে এবং প্রত্যাশিত গড় আয়ুষ্কাল ৭২.৪ বছরে উন্নীত হয়েছে। SEIP প্রকল্পের কারিগরি সহায়তায় জাতীয় মানব সম্পদ উন্নয়ন তহবিল ও জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ প্রতিষ্ঠিত হয়েছে। প্রতিষ্ঠান দু'টি দক্ষতা উন্নয়নের ক্ষেত্রে এক যুগান্তকারী অধ্যায় সূচনা করেছে। দেশে কর্মসংস্থান খাতে সংস্কারের লক্ষ্যে বিশ্ব ব্যাংক এর সাথে গৃহীত ০৩ (তিন) বছরব্যাপি নীতি সহায়তা ঋণ কর্মসূচির আওতায় প্রথম বছরে দেশে ৯টি আইন/নীতি বা পদ্ধতি প্রণয়ন বা সংস্কারের কাজ সফলভাবে সম্পন্ন হয়েছে। জাতীয় বাজেটের সাথে দারিদ্র দূরীকরণ, দক্ষতা উন্নয়ন, নারী উন্নয়ন, শিশু অধিকার, বিদ্যুৎ-জ্বালানী, অবকাঠামো উন্নয়ন, সামাজিক নিরাপত্তা কর্মসূচি, প্রবৃদ্ধি সঞ্চালক বৃহৎ প্রকল্প, ঋণ ব্যবস্থাপনা ইত্যাদি বিষয়ে পুস্তক প্রকাশ করা হয়েছে। সরকারি চাকুরিজীবিদের জন্য স্বল্প সুদে গৃহ নির্মাণ ঋণ প্রদান করা হচ্ছে এবং সরকারি কর্মচারীগণের পেনশন সহজীকরণ আদেশ, ২০২০ জারী করা হয়েছে। সরকারি ব্যয়ব্যবস্থাপনা শক্তিশালীকরণ কর্মসূচির আওতায় ইলেক্ট্রনিক বেতন ও পেনশন নির্ধারণ, পেনশন ডাটাবেজ প্রণয়ন, অনলাইনে বেতন বিল দাখিল, ইলেক্ট্রনিক ফান্ডট্রান্সফার, সমন্বিত বাজেট ও হিসাব রক্ষণ পদ্ধতি আইবাস++, বাজেট ও হিসাবরক্ষণ শ্রেণিবিন্যাস পদ্ধতি (BACS) ইত্যাদি উদ্ভাবনী কার্যক্রমের মাধ্যমে ১৬ লক্ষ সরকারি কর্মচারী উপকৃত হচ্ছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

সামষ্টিক অর্থনৈতিক চলকসমূহের প্রক্ষেপণ প্রক্রিয়ার উন্নতি সাধন, নগদ ব্যবস্থাপনাসহ সার্বিক ঋণ ব্যবস্থাপনার দক্ষতা উন্নয়ন, আর্থ-ব্যবস্থাপনার উন্নয়ন ও সরকারি ব্যয় যৌক্তিকীকরণ, আর্থ-ব্যবস্থাপনায় কর্মকর্তাদের সক্ষমতা বৃদ্ধি উল্লেখযোগ্য চ্যালেঞ্জ। পাশাপাশি, কোভিড-১৯ মহামারীর কারণে বৈশ্বিক অর্থনীতিতে যে মন্দাভাব সৃষ্টি হয়েছে তার প্রভাব বাংলাদেশের অর্থনীতির উপরেও পড়েছে। এ প্রেক্ষাপটে দেশের অর্থনীতির গতি স্বাভাবিক করতে সরকারের গৃহীত বিভিন্ন কার্যক্রমগুলোর সফল বাস্তবায়ন একটি চ্যালেঞ্জ।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

দক্ষ আর্থিক নীতি প্রণয়ন ও ব্যবস্থাপনা, সরকারি বাজেট ও হিসাবের নতুন শ্রেণিবিন্যাস কাঠামোর ফলপ্রসূ বাস্তবায়ন, iBAS++ ব্যবস্থার সম্প্রসারণ, সকল গ্রেডের কর্মচারীদের অনলাইনে বেতন-ভাতা, পেনশন প্রদান এবং ভবিষ্য তহবিল সম্পর্কিত হিসাব সংরক্ষণ পদ্ধতি ও সেবার মান উন্নয়নের পরিকল্পনা রয়েছে।

**২০২০-২১ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- রাজস্ব, মুদ্রা ও মুদ্রা বিনিময় হার নীতির সামঞ্জস্য বিধানের লক্ষ্যে মধ্যমেয়াদি সামষ্টিক অর্থনৈতিক কাঠামো (এমটিএমএফ) হালনাগাদকরণ;
- বাজেট ঘাটতি ৬.০ শতাংশের মধ্যে সীমিত রেখে সরকারি ঋণ ধারণক্ষমতা সহনীয় পর্যায়ে রাখা;
- EFT এর মাধ্যমে ৬০% পেনশনারদের পেনশন প্রদান এবং পেনশনার ও কর্মকর্তা-কর্মচারীদের ডাটাবেইজ প্রণয়ন কাজের শতভাগ সম্পন্ন করা;
- রাষ্ট্রীয় গ্যারান্টির স্বচ্ছতা নিশ্চিতকরণে বাজেট ডকুমেন্টের সঙ্গে দায়ের স্থিতি সংক্রান্ত তথ্য প্রকাশ; এবং
- সকল নাগরিকের জন্য সার্বজনীন পেনশন ব্যবস্থা চালুর কৌশলপত্র প্রনয়ন।

# প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রণালয়-এর দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রীর প্রতিনিধি হিসাবে সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

এবং

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ-এর মধ্যে ২০২০ সালের সেপ্টেম্বর মাসের ১৭ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

# মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প (Vision)

দূরদর্শী ও টেকসই সরকারি আর্থ-ব্যবস্থাপনার মাধ্যমে উচ্চ প্রবৃদ্ধি অর্জন।

### ১.২ অভিলক্ষ্য (Mission)

দক্ষ ও বিচক্ষণ আর্থিক ব্যবস্থাপনার মাধ্যমে সামষ্টিক অর্থনৈতিক স্থিতিশীলতা (macroeconomic stability) এবং আর্থিক শৃঙ্খলা নিশ্চিত করে উচ্চ প্রবৃদ্ধি অর্জনএবং দারিদ্র্য নিরসন।

### ১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)

#### ১.৩.১ মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. সামষ্টিক অর্থনৈতিক স্থিতিশীলতা বজায় রাখা

২. স্থিতিশীল আর্থ ব্যবস্থাপনা ও সম্পদ বন্টনে দক্ষতার উন্নয়ন

৩. টেকসই ঋণ ব্যবস্থাপনা

৪. সরকারি আর্থ ব্যবস্থাপনার সংস্কার কার্যক্রম জোরদারকরণ

৫. পেনশন ব্যবস্থার সংস্কার

#### ১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ

২. কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি

৩. আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন

### ১.৪ কার্যাবলি (Functions)

১. সরকারের রাজস্ব নীতি প্রণয়ন ও পর্যালোচনা এবং সামষ্টিক অর্থনৈতিক ব্যবস্থাপনা;

২. আর্থিক নীতিমালার উপর গবেষণা ও বিশ্লেষণ, এ সংক্রান্ত তথ্য-উপাত্ত সংগ্রহ এবং অর্থনৈতিক সমীক্ষা, বাজেটের অর্থনৈতিক বিশ্লেষণ এবং প্রতিবেদন প্রণয়ন;

৩. সরকারি ও বেসরকারি অংশীদারিত্বের জন্য বিনিয়োগে কারিগরি সহায়তা এবং হিসাব ও নিরীক্ষা সম্পর্কিত বিষয়াদি;

৪. বাজেট প্রণয়ন, অর্থ উপযোজন, পুন:উপযোজন এবং স্বায়ত্তশাসিক প্রতিষ্ঠান ও কর্পোরেশনসমূহের কার্যাবলি পরিবীক্ষণের মাধ্যমে বাজেট পরীক্ষা ও অনুমোদন;

৫. বেতন স্কেল, বেতন নির্ধারণ, ছুটি, পেনশন, আনুতোষিক, অবসর সুবিধা, ভ্রমণ ভাতা, সাধারণ ভবিষ্য তহবিল ইত্যাদি এবং এরূপ বিষয়ে বিভিন্ন আর্থিক বিধানাবলি প্রণয়ন ও প্রয়োজনীয় আদেশ জারীকরণ;

৬. বিশ্বব্যাংক এবং এশীয় উন্নয়ন ব্যাংকসহ বিভিন্ন বহুপাক্ষিক এবং দ্বি-পাক্ষিক উন্নয়ন সহযোগী দাতা সংস্থাসমূহের সঙ্গে যোগাযোগ স্থাপন এবং আইএমএফ সংক্রান্ত বিষয়াবলি;

৭. ঋণ এবং সাহায্যসহ সরকারি ঋণ ও ট্রেজারি ব্যবস্থাপনা;

৮. নতুন পদ সৃজনের প্রস্তাব যাচাই ও নতুন ব্যয়ের পরিকল্পনাসমূহ পরীক্ষাকরণ,আর্থিক শৃঙ্খলা ও জবাবদিহিতা প্রতিষ্ঠা এবং মিতব্যয়িতা অর্জনের লক্ষ্যে সাংগঠনিক কাঠামো ও আর্থিক বিধি-পদ্ধতির উন্নয়নের পরামর্শ প্রদান এবং ব্যয় নিয়ন্ত্রণ; এবং

৯. রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠানসমূহের কার্যাবলী ও আর্থিক ব্যবস্থাপনা সম্পর্কিত কার্যাদি।

## সেকশন ২

## বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব | কর্মসম্পাদন সূচকসমূহ | একক | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা ২০২০-২১ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০২১-২০২২ | ২০২২-২০২৩ | | |
| ঘাটতি অর্থায়নে অভ্যন্তরীণ ও বহিঃউৎসের মধ্যে টেকসই ঋণ মিশ্রণ নিশ্চিতকরণ | ঘাটতি অর্থায়ণ: অভ্যন্তরীণ উৎস | জিডিপি'র শতকরা হার | ৩.১ | ৩.১ | ৩.৫ | ২.৯ | ২.৯ | অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, জাতীয় রাজস্ব বোর্ড ও বাংলাদেশ ব্যাংক | অর্থ বিভাগের বার্ষিক প্রতিবেদন সংশ্লিষ্ট বাজেট ডকুমেন্টস |
| ঘাটতি অর্থায়নে অভ্যন্তরীণ ও বহিঃউৎসের মধ্যে টেকসই ঋণ মিশ্রণ নিশ্চিতকরণ | ঘাটতি অর্থায়ণ: বৈদেশিক উৎস | জিডিপি'র শতকরা হার | ১.৯ | ১.৯ | ২.৫ | ২.১ | ২.১ | অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, জাতীয় রাজস্ব বোর্ড ও বাংলাদেশ ব্যাংক | অর্থ বিভাগের বার্ষিক প্রতিবেদন সংশ্লিষ্ট বাজেট ডকুমেন্টস |
| বাজেট বরাদ্দ ব্যবহারের সক্ষমতা বৃদ্ধি | বাজেট বরাদ্দ ও ব্যয়ের অনুপাত | শতকরা হার | ৮২.০০ | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | পরিকল্পনা মন্ত্রণালয় | অর্থ বিভাগের বার্ষিক প্রতিবেদন সংশ্লিষ্ট বাজেট ডকুমেন্টস |
| বাজেট ঘাটতি ধারণযোগ্য পর্যায়ে রাখা | বাজেট ঘাটতি ধারণযোগ্য পর্যায়ে রাখা | জিডিপি'র শতকরা হার | ৪.২ | ৫.০০ | ৬.০০ | ৫.০০ | ৫.০০ | অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, জাতীয় রাজস্ব বোর্ড ও বাংলাদেশ ব্যাংক | অর্থ বিভাগের বার্ষিক প্রতিবেদন সংশ্লিষ্ট বাজেট ডকুমেন্টস |

*সাময়িক (provisional) তথ্য

## সেকশন ৩
## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ | | | | | প্রক্ষেপণ ২০২১-২০২২ | প্রক্ষেপণ ২০২২-২০২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমুহ** | | | | | | | | | | | | | | | |
| [১] সামষ্টিক অর্থনৈতিক স্থিতিশীলতা বজায় রাখা | ২৫ | [১.১] রাজস্ব, মুদ্রা ও মুদ্রা বিনিময় হার নীতির সামঞ্জস্য বিধানের লক্ষ্যে মধ্যমেয়াদি সামষ্টিক অর্থনৈতিক কাঠামো (এমটিএমএফ) হালনাগাদ | [১.১.১] হালনাগাদকৃত মধ্যমেয়াদি সামষ্টিক অর্থনৈতিক কাঠামো (এমটিএমএফ) প্রথম হালনাগাদ | তারিখ | সংখ্যা | ৩.৫ | ২ | ২ | ৩১.১২.২০ | ১৫.০১.২১ | ৩১.০১.২১ | | | ৩১.১২.২১ | ৩১.১২.২২ |
| | | | [১.১.২] হালনাগাদকৃত মধ্যমেয়াদি সামষ্টিক অর্থনৈতিক কাঠামো (এমটিএমএফ) দ্বিতীয় হালনাগাদ | তারিখ | সংখ্যা | ৩.৫ | | | ২০.০৬.২১ | ২৫.০৬.২১ | ৩০.০৬.২১ | | | ৩০.০৬.২০ | ৩০.০৬.২৩ |
| | | [১.২] বাজেট বাস্তবায়নের স্বচ্ছতা নিশ্চিতকরণ | [১.২.১] মধ্যমেয়াদি সামষ্টিক অর্থনৈতিক নীতি বিবৃতি প্রকাশিত | তারিখ | সংখ্যা | ৫ | ১ | ১ | ২০.০৬.২১ | ২৫.০৬.২১ | ৩০.০৬.২১ | | | ৩০.০৬.২২ | ৩০.০৬.২৩ |
| | | | [১.২.২] বাজেট বাস্তবায়ন অগ্রগতি ও আয়-ব্যয়ের গতিধারা এবং সামষ্টিক অর্থনৈতিক বিশ্লেষণ সংক্রান্ত প্রতিবেদন প্রকাশিত | সমষ্টি | সংখ্যা | ৪ | ৩ | ৩ | ৩ | ২ | ১ | | | ৩ | ৩ |
| | | | [১.২.৩] ওয়েবসাইটে প্রকাশিত “Monthly Report on Fiscal Position” | সমষ্টি | সংখ্যা | ৩ | ১২ | ১২ | ১২ | ১১ | | | | ১২ | ১২ |
| | | | [১.২.৪] ওয়েবসাইটে প্রকাশিত “Monthly Macro-Fiscal Update” | সমষ্টি | সংখ্যা | ৩ | ১২ | ১২ | ১২ | ১১ | | | | ১২ | ১২ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ | | | | | প্রক্ষেপণ ২০২১-২০২২ | প্রক্ষেপণ ২০২২-২০২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমুহ** | | | | | | | | | | | | | | | |
| | | [১.৩] সামষ্টিক অর্থনৈতিক বিষয়ে সহায়তা ও পরামর্শ প্রদান | [১.৩.১] প্রস্তুতকৃত পলিসি নোটস | সমষ্টি | সংখ্যা | ৩ | ৩ | ৩ | ৩ | ২ | | | | ৩ | ৩ |
| [২] স্থিতিশীল আর্থ ব্যবস্থাপনা ও সম্পদ বন্টনে দক্ষতার উন্নয়ন | ২৩ | [২.১] টেকসই অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনের লক্ষ্য সম্পদের বরাদ্দ বৃদ্ধি | [২.১.১] সরকারি ব্যয়, জিডিপির শতকরা হার | গড় | % | ৪ | ১৪.৫ | ১৫.০ | ১৫.০ | ১৪.৫ | ১৪.০ | | | ১৬ | ১৭ |
| | | [২.২] বাজেট ঘাটতি ধারণযোগ্য পর্যায়ে রাখা | [২.২.১] বাজেট ঘাটতি, জিডিপির শতকরা হার | গড় | % | ৪ | ৪.৮ | ৫.০ | ৬.০ | ৫.৫ | ৫.০ | | | ৫ | ৫ |
| | | [২.৩] রাজস্ব আয় ও ব্যয়ের ক্ষেত্র বাজেট প্রাক্কলন ও প্রকৃত অর্জনের মধ্য ব্যবধান হ্রাস | [২.৩.১] বাজেটে প্রাক্কলিত লক্ষ্যমাত্রার তুলনায় প্রকৃত কর বহির্ভূত রাজস্ব (non tax revenue) আদায়ের শতকরা হার | গড় | % | ৪ | ৯১ | ৯১ | ৯১ | ৮৫ | ৮০ | | | ৯২ | ৯৩ |
| | | | [২.৩.২] বাজেট বরাদ্দের তুলনায় প্রকৃত ব্যয়ের শতকরা হার | গড় | % | ৪ | ৯০ | ৯০ | ৯০ | ৮৫ | ৮০ | | | ৯১ | ৯২ |
| | | [২.৪] বাজেট প্রণয়ন প্রক্রিয়ায় গুরুত্বপূর্ণ অংশীজনের (মাননীয় সংসদ সদস্যগণ, অর্থনীতিবিদ, ব্যবসায়ী সংগঠন) সঙ্গে আলোচনা ও পরামর্শ প্রণয়ন | [২.৪.১] অনুষ্ঠিত প্রাক-বাজেট সভা | সমষ্টি | সংখ্যা | ৩ | ১০ | ১০ | ৫ | ৪ | ৩ | | | ১০ | ১০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | প্রক্ষেপণ ২০২১-২০২২ | প্রক্ষেপণ ২০২২-২০২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমুহ** | | | | | | | | | | | | | | | |
| | | | [২.৪.২] মন্ত্রণালয়/বিভাগের MBF প্রতিবেদন মূল্যায়ন | সমষ্টি | % | ২ | ৯৫ | ১০০ | ১০০ | ৯৫ | ৯০ | | | ১০০ | ১০০ |
| | | [২.৫] G2P পদ্ধতিতে সামাজিক নিরাপত্তা কার্যক্রমের অর্থ প্রদানের স্বচ্ছতা নিশ্চিতকরণ | [২.৫.১] সুবিধাভোগীর সংখ্যা | সমষ্টি | সংখ্যা | ২ | | ১০০০০০ | ১৪০০০০০ | ১৩৮০০০০ | ১৩৫০০০০ | | | ১৫০০০০০ | ২০০০০০০ |
| [৩] টেকসই ঋণ ব্যবস্থাপনা | ১৮ | [৩.১] ঋণ ব্যবস্থাপনা সংশ্লিষ্ট বিভিন্ন দপ্তরের সঙ্গে নিয়মিত আলোচনা | [৩.১.১] নগদ ও ঋণ ব্যবস্থাপনা কারিগরি কমিটির (CDMTC) অনুষ্ঠিত সভা | সমষ্টি | সংখ্যা | ৩ | ১২ | ১০ | ৬ | ৫ | | | | ১২ | ১২ |
| | | | [৩.১.২] নগদ ও ঋণ ব্যবস্থাপনা কারিগরি কমিটির (CDMC) সভা | সমষ্টি | সংখ্যা | ৩ | ৪ | ৩ | ২ | ১ | | | | ৪ | ৪ |
| | | [৩.২] ট্রেজারি বিল ও বন্ডের নিলাম পঞ্জিকা প্রণয়ন ও ওয়েবসাইটে প্রকাশ | [৩.২.১] প্রকাশিত ট্রেজারি বিলের মাসিক নিলাম পঞ্জিকা | সমষ্টি | সংখ্যা | ৩ | ১২ | ১০ | ১২ | ১০ | | | | ১২ | ১২ |
| | | | [৩.২.২] প্রকাশিত ট্রেজারি বিলের ষান্মাষিক নিলাম পঞ্জিকা | সমষ্টি | সংখ্যা | ৩ | ২ | ২ | ২ | ১ | | | | ২ | ২ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ | | | | | প্রক্ষেপণ ২০২১-২০২২ | প্রক্ষেপণ ২০২২-২০২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমুহ | | | | | | | | | | | | | | | |
| | | [৩.৩] সরকারি ট্রেজারি সিকিউরিটিজের সেকেন্ডারি বাজার উন্নয়ন | [৩.৩.১] সরকারি সিকিউরিটিজের প্রাইমারি ডিলারদের সাথে মত বিনিময় | সমষ্টি | সংখ্যা | ৩ | ৩ | ৩ | ২ | ১ | | | | ৩ | ৩ |
| | | [৩.৪] রাষ্ট্রীয় গ্যারান্টির স্বচ্ছতা নিশ্চিতকরণে বাজেট ডকুমেন্টের সঙ্গে দায়ের স্থিতি সংক্রান্ত তথ্য নিয়মিত প্রকাশ | [৩.৪.১] প্রকাশিত তথ্য | তারিখ | তারিখ | ৩ | | | ২০.০৬.২১ | ৩০.০৬.২১ | | | | ১৫.০৬.২২ | ২০.০৬.২৩ |
| [৪] সরকারি আর্থ ব্যবস্থাপনার সংস্কার কার্যক্রম জোরদারকরণ | ৫ | [৪.১] বাজেট ও হিসাব ব্যবস্থাপনার জন্য নতুন সফটওয়্যার (iBAS++) সংযোজন | [৪.১.১] সম্পাদিত কাজ | গড় | % | ২ | ৮০ | ৯০ | ১০০ | ৯৫ | ৯০ | | | ১০০ | ১০০ |
| | | [৪.২] নতুন বাজেট ও হিসাব শ্রেণীবিন্যাস পদ্ধতি অনুযায়ী সরকারের প্রাপ্তি আদায় | [৪.২.১] আদায়ের শতকরা হার | গড় | % | ২ | ৮০ | ৯০ | ৯০ | ৮৫ | ৮০ | | | ১০০ | ১০০ |
| | | [৪.৩] সরকারি আর্থিক ব্যবস্থাপনা বিষয়ে বিভিন্ন মন্ত্রণালয়ের কর্মকর্তাদের দক্ষতা বৃদ্ধি | [৪.৩.১] প্রশিক্ষিত কর্মকর্তা | সমষ্টি | সংখ্যা | ১ | ৩৫০ | ৪০০ | ৪০০ | ৩৫০ | ৩০০ | | | ৬০০ | ৬০০ |
| [৫] পেনশন ব্যবস্থার সংস্কার | ৪ | [৫.১] সকল নাগরিকের জন্য সার্বজনীন পেনশন ব্যবস্থা চালু | [৫.১.১] সকল নাগরিকদের জন্য সার্বজনীন পেনশন ব্যবস্থা চালুর কৌশলপত্র প্রনয়ন | তারিখ | তারিখ | ১ | | | ১৫.০৬.২১ | ২০.০৬.২১ | ৩০.০৬.২১ | | | ১৫.০৬.২২ | ২৫.০৬.২৩ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ | | | | | প্রক্ষেপণ ২০২১-২০২২ | প্রক্ষেপণ ২০২২-২০২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | | |
| | | [৫.২] নতুন পেনশনার ও কর্মকর্তা-কর্মচারীদের ডাটাবেইজ হালনাগাদকরণ | [৫.২.১] ডাটাবেইজ হালনাগাদকরণ | গড় | % | ২ | ১০০ | ১০০ | ১০০ | ৯৫ | ৯০ | | | ১০০ | ১০০ |
| | | [৫.৩] আপনার প্রাপ্য পেনশন "ইএফটি'র মাধ্যমে প্রদান" জাতির পিতার জন্মশতবার্ষিকীর উপহার | [৫.৩.১] EFT এর মাধ্যমে পেনশন | গড় | % | ১ | | | ৬০ | ৪০ | ৩০ | | | ৭০ | ৮০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ | | | | | প্রক্ষেপণ ২০২১-২০২২ | প্রক্ষেপণ ২০২২-২০২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | | |
| [১] দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ | ১০ | [১.১] বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়ন | [১.১.১] এপিএ টিমের মাসিক সভা অনুষ্ঠিত | সমষ্টি | সংখ্যা | ২ | | | ১২ | ১১ | | | | ১২ | ১২ |
| | | | [১.১.২] এপিএ'র সকল ত্রৈমাসিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | সমষ্টি | সংখ্যা | ১ | | | ৪ | | | | | ৪ | ৪ |
| | | [১.২] শুদ্ধাচার/উত্তম চর্চার বিষয়ে অংশীজনদের সঙ্গে মতবিনিময় | [১.২.১] মতবিনিময় সভা অনুষ্ঠিত | সমষ্টি | সংখ্যা | ২ | | | ৪ | ৩ | | | | ৪ | ৪ |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে সেবাগ্রহীতা /অংশীজনদের অবহিতকরণ | [১.৩.১] অবহিতকরণ সভা আয়োজিত | সমষ্টি | সংখ্যা | ১ | | | ৪ | ৩ | ২ | | | ৪ | ৪ |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সেবাগ্রহীতাদের অবহিতকরণ | [১.৪.১] অবহিতকরণ সভা আয়োজিত | সমষ্টি | সংখ্যা | ২ | | | ৪ | ৩ | ২ | | | ৪ | ৪ |
| | | [১.৫] তথ্য বাতায়ন হালনাগাদ সংক্রান্ত ত্রৈমাসিক প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ | [১.৫.১] ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরিত | সমষ্টি | সংখ্যা | ২ | | | ৪ | ৩ | | | | ৪ | ৪ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ | | | | | প্রক্ষেপণ ২০২১-২০২২ | প্রক্ষেপণ ২০২২-২০২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমুহ | | | | | | | | | | | | | | | |
| [২] কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি | ৯ | [২.১] ই-নথি বাস্তবায়ন | [২.১.১] ই-নথিতে নোট নিষ্পত্তিকৃত | গড় | % | ২ | | | ৮০ | ৭০ | ৬০ | | | ৮০ | ১০০ |
| | | [২.২] ডিজিটাল সেবা চালুকরণ | [২.২.১] একটি নতুন ডিজিটাল সেবা চালুকৃত | তারিখ | তারিখ | ২ | | | ১৫.০২.২১ | ১৫.০৩.২১ | ১৫.০৪.২১ | ১৫.০৫.২১ | | ১৫-০২-২০২২ | ১৫-০২-২০২৩ |
| | | [২.৩] সেবা সহজিকরণ | [২.৩.১] একটি নতুন সহজিকৃত সেবা অধিক্ষেত্রে বাস্তবায়িত | তারিখ | তারিখ | ১ | | | ২৫.০২.২১ | ২৫.০৩.২১ | ২৫.০৪.২১ | ২৫.০৫.২১ | | ২৫-০২-২০২২ | ২৫-০২-২০২৩ |
| | | [২.৪] কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান | [২.৪.১] প্রত্যেক কর্মচারির জন্য প্রশিক্ষণ আয়োজিত | সমষ্টি | জনঘন্টা | ২ | | | ৫০ | ৪০ | ৩০ | ২০ | | ৬০ | ৬০ |
| | | | [২.৪.২] ১০ম গ্রেড ও তদূর্ধ্ব প্রত্যেক কর্মচারীকে এপিএ বিষয়ে প্রদত্ত প্রশিক্ষণ | সমষ্টি | জনঘন্টা | ১ | | | ৫ | ৪ | | | | ৬ | ৮ |
| | | [২.৫] এপিএ বাস্তবায়নে প্রনোদনা প্রদান | [২.৫.১] ন্যুনতম একটি আওতাধীন দপ্তর-সংস্থা/ একজন কর্মচারীকে এপিএ বাস্তবায়নের জন্য প্রনোদনা প্রদানকৃত | সমষ্টি | সংখ্যা | ১ | | | ১ | | | | | ১ | ১ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ | | | | | প্রক্ষেপণ ২০২১-২০২২ | প্রক্ষেপণ ২০২২-২০২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | | |
| [৩] আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন | ৬ | [৩.১] বার্ষিক ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন | [৩.১.১] ক্রয় পরিকল্পনা অনুযায়ী ক্রয় সম্পাদিত | সমষ্টি | % | ১ | | | ১০০ | ৯০ | ৮০ | | | ১০০ | ১০০ |
| | | [৩.২] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) বাস্তবায়ন | [৩.২.১] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | % | ২ | | | ১০০ | ৯০ | ৮০ | | | ১০০ | ১০০ |
| | | | [৩.২.২] প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত আইএমইডি'র সুপারিশ বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | % | ১ | | | ১০০ | ৯০ | ৮০ | | | ১০০ | ১০০ |
| | | [৩.৩] অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | [৩.৩.১] দ্বিপক্ষীয়/ত্রিপক্ষীয় সভায় উপস্থাপিত অডিট আপত্তি | ক্রমপুঞ্জিভূত | % | ১ | | | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | | ৮০ | ১০০ |
| | | | [৩.৩.২] অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | ক্রমপুঞ্জিভূত | % | ১ | | | ৫০ | ৪০ | ৩০ | ২৫ | | ৮০ | ১০০ |

*সাময়িক (provisional) তথ্য

আমি, সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় মাননীয় মন্ত্রী, অর্থ মন্ত্রণালয়-এর প্রতিনিধি হিসাবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি মন্ত্রিপরিষদ সচিবের নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, মন্ত্রিপরিষদ সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

১৭-০৯-2020

সচিব
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

তারিখ

১৭.০৯.২০২০

মন্ত্রিপরিষদ সচিব
মন্ত্রিপরিষদ বিভাগ

তারিখ

# সংযোজনী-১

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | এনবিআর | জাতীয় রাজস্ব বোর্ড |
| ২ | iBAS ++ | Integrated Budget and Accounting System. Version ++ |
| ৩ | DSA | Debt Sustainability Analysis |
| ৪ | MTDS | MTDS Medium Term Debt Strategy |
| ৫ | এনটিআর | নন ট্যাক্স রেভিনিউ |
| ৬ | DMFAS V6.0 | Debt Management and Financial Analysis System. Version 6.0 |
| ৭ | সিডিএমটিসি (CDMTC) | নগদ ও ঋণ ব্যবস্থাপনা কারিগরি কমিটি (Cash & Debt Management Technical Committee) |
| ৮ | জিডিপি (GDP) | জাতীয় অভ্যন্তরীণ উৎপাদন (Gross Domestic Product) |
| ৯ | সিডিএমসি (CDMC) | নগদ ও ঋণ ব্যবস্থাপনা কমিটি (Cash & Debt Management Technical Committee) |
| ১০ | এমটিএমএফ (MTMF) | মধ্যমেয়াদি সামষ্টিক অর্থনৈতিক কাঠামো (Medium Term Macro Economic Framework) |
| ১১ | সিজিএ | কন্ট্রোলার জেনারেল অব একাউন্টস |

# সংযোজনী- ২: কর্মসম্পাদন সূচকের বাস্তবায়নকারী এবং পরিমাপ পদ্ধতি

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | প্রদত্ত প্রমাণক | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [১.১] রাজস্ব, মুদ্রা ও মুদ্রা বিনিময় হার নীতির সামঞ্জস্য বিধানের লক্ষ্যে মধ্যমেয়াদি সামষ্টিক অর্থনৈতিক কাঠামো (এমটিএমএফ) হালনাগাদ | [১.১.১] হালনাগাদকৃত মধ্যমেয়াদি সামষ্টিক অর্থনৈতিক কাঠামো (এমটিএমএফ) প্রথম হালনাগাদ | মাননীয় অর্থমন্ত্রীর সভাপতিত্বে অর্থ বিভাগ, বাংলাদেশ ব্যাংক, এনবিআর, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, বাণিজ্য মন্ত্রণালয় ও কার্যক্রম বিভাগের প্রতিনিধিত্বে উচ্চ পর্যায়ের কমিটি (কো-অর্ডিনেশন কাউন্সিল) কর্তৃক হালনাগাদকৃত মধ্যমেয়াদি সামষ্টিক অর্থনৈতিক কাঠামো (এমটিএমএফ) অনুমোদিত হয়। এমটিএমএফে অর্থনীতির চারটি খাত (প্রকৃত, রাজস্ব, মুদ্রা ও বহিঃ) সম্পর্কিত সামষ্টিক অর্থনৈতিক চালকসমূহের প্রক্ষেপন সন্নিবেশিত হয়ে থাকে | সামষ্টিক অর্থনীতি অনুবিভাগ, অর্থ বিভাগ | অর্থ বিভাগের বার্ষিক প্রতিবেদন এবং মধ্যমেয়াদি সামষ্টিক অর্থনৈতিক নীতি-বিবৃতি | |
| | [১.১.২] হালনাগাদকৃত মধ্যমেয়াদি সামষ্টিক অর্থনৈতিক কাঠামো (এমটিএমএফ) দ্বিতীয় হালনাগাদ | মাননীয় অর্থমন্ত্রীর সভাপতিত্বে অর্থ বিভাগ, বাংলাদেশ ব্যাংক, এনবিআর, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, বাণিজ্য মন্ত্রণালয় ও কার্যক্রম বিভাগের প্রতিনিধিত্বে উচ্চ পর্যায়ের কমিটি (কো-অর্ডিনেশন কাউন্সিল) কর্তৃক হালনাগাদকৃত মধ্যমেয়াদি সামষ্টিক অর্থনৈতিক কাঠামো (এমটিএমএফ) অনুমোদিত হয়। এমটিএমএফে অর্থনীতির চারটি খাত (প্রকৃত, রাজস্ব, মুদ্রা ও বহিঃ) সম্পর্কিত সামষ্টিক অর্থনৈতিক চালকসমূহের প্রক্ষেপন সন্নিবেশিত হয়ে থাকে | সামষ্টিক অর্থনীতি অনুবিভাগ, অর্থ বিভাগ | অর্থ বিভাগের বার্ষিক প্রতিবেদন এবং মধ্যমেয়াদি সামষ্টিক অর্থনৈতিক নীতি-বিবৃতি | |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | প্রদত্ত প্রমাণক | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [১.২] বাজেট বাস্তবায়নের স্বচ্ছতা নিশ্চিতকরণ | [১.২.১] মধ্যমেয়াদি সামষ্টিক অর্থনৈতিক নীতি বিবৃতি প্রকাশিত | সরকারি অর্থ ও বাজেট ব্যবস্থাপনা আইন, ২০০৯"-এর ১১ ধারা অনুযায়ী মধ্যমেয়াদি সামষ্টিক অর্থনৈতিক নীতি বিবৃতি জাতীয় সংসদে উপস্থাপন করা হয়, যাতে অন্তর্নির্হিত অনুমানসমূহের বিশ্লেষণসহ অর্থনীতির প্রবৃদ্ধি সম্ভবনার পর্যালোচনা, অর্থনৈতিক সূচকসমূহের মধ্যমেয়াদি লক্ষমাত্রা, রাজস্ব আয়, ব্যয়, বাজেট ঘাটতি অর্থায়ন, ঋণ সংগ্রহ কৌশলের মূল্যায়ণ, ঋণ গ্রহণের লক্ষমাত্রা ইত্যাদি বিষয় অন্তর্ভুক্ত থাকে | সামষ্টিক অর্থনীতি অনুবিভাগ, অর্থ বিভাগ | নীতি বিবৃতিটির মুদ্রিত কপিসহ অর্থ বিভাগের ওয়েবসাইটে প্রকাশনা | প্রতিবছর বার্ষিক বাজেট ডকুমেন্টস-এর সাথে জাতীয় সংসদে উপস্থাপন করা হয় |
| | [১.২.২] বাজেট বাস্তবায়ন অগ্রগতি ও আয়-ব্যয়ের গতিধারা এবং সামষ্টিক অর্থনৈতিক বিশ্লেষণ সংক্রান্ত প্রতিবেদন প্রকাশিত | সরকারি অর্থ ও বাজেট ব্যবস্থাপনা আইন, ২০০৯" অনুযায়ী বাজেট বাস্তবায়ন অগ্রগতি ও আয়-ব্যয়ের গতিধারা এবং সামষ্টিক অর্থনৈতিক বিশ্লেষণ সংক্রান্ত প্রতিবেদন জাতীয় সংসদে মাননীয় অর্থমন্ত্রী কর্তৃক উপস্থাপন করা হয় | সামষ্টিক অর্থনীতি অনুবিভাগ, অর্থ বিভাগ | প্রতিবেদনটি মুদ্রিত কপিসহ অর্থ বিভাগের ওয়েবসাইটে প্রকাশনা | |
| | [১.২.৩] ওয়েবসাইটে প্রকাশিত "Monthly Report on Fiscal Position" | প্রতিবেদনে রাজস্ব পরিস্থিতির হালনাগাদ অবস্থা তুলে ধরা হয়, যা অর্থ বিভাগের ওয়েবসাইটে মাসিক ভিত্তিতে প্রকাশ করা হয় | সামষ্টিক অর্থনীতি অনুবিভাগ, অর্থ বিভাগ | অর্থ বিভাগের ওয়েবসাইটে প্রকাশিত রিপোর্ট [www.mof.gov.bd] | হালনাগাদ তথ্য না থাকায় মাসিক প্রতিবেদনটি নির্দিষ্ট মাসের ২ মাস পরে প্রকাশিত হয় |
| | [১.২.৪] ওয়েবসাইটে প্রকাশিত "Monthly Macro-Fiscal Update" | প্রতিবেদনে রাজস্ব পরিস্থিতির হালনাগাদ অবস্থা তুলে ধরা হয়, যা অর্থ বিভাগের ওয়েবসাইটে মাসিক ভিত্তিতে প্রকাশ করা হয় | সামষ্টিক অর্থনীতি অনুবিভাগ, অর্থ বিভাগ | অর্থ বিভাগের ওয়েবসাইটে প্রকাশিত রিপোর্ট [www.mof.gov.bd] | হালনাগাদ তথ্য না থাকায় মাসিক প্রতিবেদনটি নির্দিষ্ট মাসের ২ মাস পরে প্রকাশিত হয় |
| [১.৩] সামষ্টিক অর্থনৈতিক বিষয়ে সহায়তা ও পরামর্শ প্রদান | [১.৩.১] প্রস্তুতকৃত পলিসি নোটস | অভ্যন্তরীণ গবেষণা কর্মকান্ডের অংশ হিসেবে অর্থ বিভাগের কর্মকর্তাগণ একাধিক পলিসি নোট, ধারণাপত্র ও গবেষণাপত্র প্রস্তুত করে থাকে, যা নীতি নির্ধারণে ভূমিকা পালন করে। উল্লেখ্য, এ পর্যন্ত প্রস্তুতকৃত বিভিন্ন পলিসি নোট ও গবেষণাপত্র সরকারের বেশ কয়েকটি মাইলফলক নীতি প্রণয়নে ভূমিকা রেখেছে | সামষ্টিক অর্থনীতি অনুবিভাগ, অর্থ বিভাগ | অর্থ বিভাগের বার্ষিক প্রতিবেদন | |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | প্রদত্ত প্রমাণক | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [২.১] টেকসই অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনের লক্ষ্য সম্পদের বরাদ্দ বৃদ্ধি | [২.১.১] সরকারি ব্যয়, জিডিপির শতকরা হার | বাজেটের আওতায় সরকারি ব্যয় | সকল মন্ত্রণালয়/বিভাগ ও এর অধীনস্থ দপ্তরসমূহ | অর্থ বিভাগের বার্ষিক প্রতিবেদন ও বাজেট ডকুমেন্টস | |
| [২.২] বাজেট ঘাটতি ধারণযোগ্য পর্যায়ে রাখা | [২.২.১] বাজেট ঘাটতি, জিডিপির শতকরা হার | সরকারের রাজস্ব আয় ও সারকারি ব্যয়ের পার্থক্য (অনুদান ব্যতীত) | বাজেট-১ অনুবিভাগ, অর্থ বিভাগ | অর্থ বিভাগের বার্ষিক প্রতিবেদন ও বাজেট ডকুমেন্টস | |
| [২.৩] রাজস্ব আয় ও ব্যয়ের ক্ষেত্র বাজেট প্রাক্কলন ও প্রকৃত অর্জনের মধ্য ব্যবধান হ্রাস | [২.৩.১] বাজেটে প্রাক্কলিত লক্ষ্যমাত্রার তুলনায় প্রকৃত কর বহির্ভূত রাজস্ব (non tax revenue) আদায়ের শতকরা হার | বাজেটের সংশোধিত লক্ষ্যমাত্রার তুলনায় প্রকৃত রাজস্ব আদায়ের উন্নতি আর্থ-ব্যবস্থাপনার উন্নয়নের নির্দেশক | ট্রেজারি ও ঋণ ব্যবস্থাপনা অনুবিভাগ, অর্থ বিভাগ | অর্থ বিভাগের বার্ষিক প্রতিবেদন ও বাজেট ডকুমেন্টস | |
| | [২.৩.২] বাজেট বরাদ্দের তুলনায় প্রকৃত ব্যয়ের শতকরা হার | বাজেটের সংশোধিত লক্ষ্যমাত্রার তুলনায় প্রকৃত ব্যয় অবস্থার উন্নতি আর্থ-ব্যবস্থাপনার উন্নয়নের নির্দেশক | বাজেট-১ অনুবিভাগ, অর্থ বিভাগ | অর্থ বিভাগের বার্ষিক প্রতিবেদন ও বাজেট ডকুমেন্টস | |
| [২.৪] বাজেট প্রণয়ন প্রক্রিয়ায় গুরুত্বপূর্ণ অংশীজনের (মাননীয় সংসদ সদস্যগণ, অর্থনীতিবিদ, ব্যবসায়ী সংগঠন) সঙ্গে আলোচনা ও পরামর্শ প্রণয়ন | [২.৪.১] অনুষ্ঠিত প্রাক-বাজেট সভা | বাজেট প্রণয়ন প্রক্রিয়ায় গুরুত্বপূর্ণ অংশীজনের (মাননীয় সংসদ সদস্যগণ, অর্থনীতিবিদ, ব্যবসায়ী সংগঠন) সঙ্গে আলোচনা ও পরামর্শ গ্রহণ করা হয়। এ সভাসমূহ হতে জাতীয় বাজেট প্রণয়নের নীতি-কৌশল সম্পর্কে ধারণা পাওয়া যায় | বাজেট-১ অনুবিভাগ, অর্থ বিভাগ | অর্থ বিভাগের বার্ষিক প্রতিবেদন | |
| [২.৪] বাজেট প্রণয়ন প্রক্রিয়ায় গুরুত্বপূর্ণ অংশীজনের (মাননীয় সংসদ সদস্যগণ, অর্থনীতিবিদ, ব্যবসায়ী সংগঠন) সঙ্গে আলোচনা ও পরামর্শ প্রণয়ন | [২.৪.২] মন্ত্রণালয়/বিভাগের MBF প্রতিবেদন মূল্যায়ণ | বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের MBF পর্যালোচনার মাধ্যমে প্রতিবেদন মূল্যায়ণ | বাজেট-১ অনুবিভাগ, অর্থ বিভাগ | অর্থ বিভাগের বার্ষিক প্রতিবেদন | |
| [২.৫] G2P পদ্ধতিতে সামাজিক নিরাপত্তা কার্যক্রমের অর্থ প্রদানের স্বচ্ছতা নিশ্চিতকরণ | [২.৫.১] সুবিধাভোগীর সংখ্যা | G2P পদ্ধতিতে সামাজিক নিরাপত্তা কার্যক্রমের আওতায় প্রস্তুতকৃত তালিকা যাচাইকরণ, কম সময়ে ও কম খরচে সুবিধা ভোগীদের নিকট অর্থ প্রদানের স্বচ্ছতা নিশ্চিতকরণ | বাজেট-১ অনুবিভাগ, অর্থ বিভাগ | অর্থ বিভাগের বার্ষিক প্রতিবেদন | |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | প্রদত্ত প্রমাণক | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [৩.১] ঋণ ব্যবস্থাপনা সংশ্লিষ্ট বিভিন্ন দপ্তরের সঙ্গে নিয়মিত আলোচনা | [৩.১.১] নগদ ও ঋণ ব্যবস্থাপনা কারিগরি কমিটির (CDMTC) অনুষ্ঠিত সভা | সরকারের নগদ ও ঋণ ব্যবস্থাপনা কার্যক্রমকে নিবিড়, জবাবদিহিমূলক ও নির্ভুল করার জন্য সর্বোচ্চ নীতি-নির্ধারণী কমিটিকে কারিগরি সহায়তা প্রদান, ডাটার গুণগত মান বজায় রাখা, পর্যালোচনার প্রতিবেদন প্রণয়ন এ কারিগরি কমিটির কাজ, ঋণ সংশ্লিষ্ট সকল দপ্তরের মধ্যে নিয়মিত যোগাযোগ রক্ষা করার মাধ্যমে কার্যক্রম সমন্বয় করার জন্য সংশ্লিষ্ট সকল দপ্তরের প্রতিনিধি নিয়ে গঠিত এ কমিটির নিয়মিত সভা সরকারের নগদ ও ঋণ ব্যবস্থাপনা কার্যক্রমকে গতিশীল ও কার্যকর রাখে বিধায় সভা অনুষ্ঠান একটি গুরুত্বপূর্ণ কর্মসম্পাদন সূচক | অর্থ বিভাগের ট্রেজারি ও ঋণ ব্যবস্থাপনা অনুবিভাগ; অর্থনৈতিক সম্পর্ক বিভাগ; বাংলাদেশ ব্যাংক; সঞ্চয় অধিদপ্তর; হিসাব মহা নিয়ন্ত্রকের কার্যালয় | অর্থ বিভাগের বার্ষিক প্রতিবেদন | |
| | [৩.১.২] নগদ ও ঋণ ব্যবস্থাপনা কারিগরি কমিটির (CDMC) সভা | সরকারের নগদ ও ঋণ ব্যবস্থাপনার সর্বোচ্চ নীতি নির্ধারণী এ কমিটিতে ঋণ সংশ্লিষ্ট সকল দপতরের প্রতিনিধিত্ব রয়েছে। নগদ ও ঋণের ব্যয় ও ঝুকি সর্বনিম্ন পর্যায়ে রেখে বাজেট ঘাটতি অর্থায়ন এবং অর্থ ব্যবস্থাপনায় টেকসই অবস্থা বজায় রাখার জন্য বিভিন্ন নিয়ামকের গতি প্রকৃতি পর্যালোচনা করে এ কমিটি সাধারণত বৎসরে ৪টি সভায় মিলিত হয়। সভার নিয়মিত অনুষ্ঠান সরকারের নগদ ও ঋণ পরিকল্পনা বাস্তবায়নের পরিবীক্ষণ নিশ্চিত করে বিধায় সভা অনুষ্ঠান একটি গুরুত্বপূর্ণ কর্মসম্পাদন সূচক | অর্থ বিভাগের ট্রেজারি ও ঋণ ব্যবস্থাপনা অনুবিভাগ; অর্থনৈতিক সম্পর্ক বিভাগ; বাংলাদেশ ব্যাংক; সঞ্চয় অধিদপ্তর; হিসাব মহা নিয়ন্ত্রকের কার্যালয় | অর্থ বিভাগের বার্ষিক প্রতিবেদন | |
| [৩.২] ট্রেজারি বিল ও বন্ডের নিলাম পঞ্জিকা প্রণয়ন ও ওয়েবসাইটে প্রকাশ | [৩.২.১] প্রকাশিত ট্রেজারি বিলের মাসিক নিলাম পঞ্জিকা | সরকার ঘোষিত পরিমাণ ঋণ অভ্যন্তরীণ বাজার থেকে সাবা বৎসর বিভিন্ন মেয়াদি ট্রেজারি বিল মাধ্যমে গ্রহণের পরিকল্পনা করে। সরকারকে ঋণপ্রদানকারী জনগণ ও বিভিন্ন প্রতিষ্ঠানকে পরিকল্পনা অবগত করানোর মাধ্যমে প্রতিযোগিতা সৃষ্টি, স্বচ্ছতা নিশ্চিত করার জন্য ট্রেজারি বিলের মাসওয়ারি নিলাম পঞ্জিকা প্রণয়ন ও ওয়েবসাইটে প্রকাশ করে। সরকারের পরিকল্পনার সাথে মিল রেখে ঋণপ্রদানকারীরা নিজেদের পরিকল্পনা করে এবং সময়মত ঋণ পাওয়া নিশ্চিত হয় বিধায় একটি গুরুত্বপূর্ণ কর্মসম্পাদন সূচক | ট্রেজারি ও ঋণ ব্যবস্থাপনা অনুবিভাগ, অর্থ বিভাগ | বাংলাদেশ ব্যাংকের ওয়েবসাইট | |
| | [৩.২.২] প্রকাশিত ট্রেজারি বিলের ষান্মাষিক নিলাম পঞ্জিকা | সরকার ঘোষিত পরিমাণ ঋণ অভ্যন্তরীণ বাজার থেকে সাবা বৎসর বিভিন্ন মেয়াদি ট্রেজারি বিল মাধ্যমে গ্রহণের পরিকল্পনা করে। সরকারকে ঋণপ্রদানকারী জনগণ ও বিভিন্ন প্রতিষ্ঠানকে পরিকল্পনা অবগত করানোর মাধ্যমে প্রতিযোগিতা সৃষ্টি, স্বচ্ছতা নিশ্চিত করার জন্য ট্রেজারি বিলের মাসওয়ারি নিলাম পঞ্জিকা প্রণয়ন ও ওয়েবসাইটে প্রকাশ করে। সরকারের পরিকল্পনার সাথে মিল রেখে ঋণপ্রদানকারীরা নিজেদের পরিকল্পনা করে এবং সময়মত ঋণ পাওয়া নিশ্চিত হয় বিধায় একটি গুরুত্বপূর্ণ কর্মসম্পাদন সূচক | ট্রেজারি ও ঋণ ব্যবস্থাপনা অনুবিভাগ, অথ বিভাগ | বাংলাদেশ ব্যাংকের ওয়েবসাইট | |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | প্রদত্ত প্রমাণক | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [৩.৩] সরকারি ট্রেজারি সিকিউরিটিজের সেকেন্ডারি বাজার উন্নয়ন | [৩.৩.১] সরকারি সিকিউরিটিজের প্রাইমারি ডিলারদের সাথে মত বিনিময় | সরকারি সিকিউরিটিজের প্রাইমারি ডিলারদের সাথে মত বিনিময় হলে বাজার ও মান বৃদ্ধি পাবে | ট্রেজারি ও ঋণ ব্যবস্থাপনা অনুবিভাগ, অর্থ বিভাগ | অর্থ বিভাগের বার্ষিক প্রতিবেদন | |
| [৩.৪] রাষ্ট্রীয় গ্যারান্টির স্বচ্ছতা নিশ্চিতকরণে বাজেট ডকুমেন্টের সঙ্গে দায়ের স্থিতি সংক্রান্ত তথ্য নিয়মিত প্রকাশ | [৩.৪.১] প্রকাশিত তথ্য | প্রচ্ছন্ন দায় ঋণের স্থিতিতে প্রদর্শিত হয় না কিন্তু সরকারের কাছে থেকে গ্যারান্টি গ্রহণকারী ঋণ পরিশোধের ভার সরকারের উপর বর্তায় বিধায় ঋণের মতো প্রচ্ছন্ন দায়েরও স্বচ্ছ ও নিয়মিত পরিবীক্ষণ জরুরি। এ জন্য প্রচ্ছন্ন দায়ের স্থিতি সম্বলিত তালিকা বার্ষিক ভিত্তিতে প্রকাশ গুরুত্বপূর্ণ কর্মসম্পাদন সূচক | ট্রেজারি ও ঋণ ব্যবস্থাপনা অনুবিভাগ, অর্থ বিভাগ | বাজেট ডকুমেন্টস | |
| [৪.১] বাজেট ও হিসাব ব্যবস্থাপনার জন্য নতুন সফটওয়্যার (iBAS++) সংযোজন | [৪.১.১] সম্পাদিত কাজ | iBAS++ এর স্থলাভিষিক্ত হতে যাওয়া বাজেট ও হিসাব ব্যবস্থাপনার জন্য নতুন সফটওয়্যার (iBAS++) বাংলাদেশের আর্থিকখাত সংস্কারের একটি গুরুত্বপূর্ণ অনুসর্গ হিসেবে কাজ করবে | বাজেট-১ অনুবিভাগ, অর্থ বিভাগ | অর্থ বিভাগের বার্ষিক প্রতিবেদন | |
| [৪.২] নতুন বাজেট ও হিসাব শ্রেণীবিন্যাস পদ্ধতি অনুযায়ী সরকারের প্রাপ্তি আদায় | [৪.২.১] আদায়ের শতকরা হার | প্রস্তাবিত নতুন 'Chart of accounts and classification code' সরকারি আর্থিক ব্যবস্থাপনা সংস্কারের আরেকটি গুরুত্বপূর্ণ উপাদান, যা সরকারের নীতি নির্ধারণে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে | বাজেট-১ অনুবিভাগ, অর্থ বিভাগ | অর্থ বিভাগের বার্ষিক প্রতিবেদন | |
| [৪.৩] সরকারি আর্থিক ব্যবস্থাপনা বিষয়ে বিভিন্ন মন্ত্রণালয়ের কর্মকর্তাদের দক্ষতা বৃদ্ধি | [৪.৩.১] প্রশিক্ষিত কর্মকর্তা | আর্থিক ব্যবস্থাপনা সম্পর্কে কর্মকর্তাদের capacity building এর জন্য প্রশিক্ষণ একটি চলমান প্রক্রিয়া | অর্থ বিভাগ, ইনস্টিটিউট অব পাবলিক ফাইন্যান্স (আইপিএফ) | অর্থ বিভাগের বার্ষিক প্রতিবেদন ও বাজেট ডকুমেন্টস | |
| [৫.১] সকল নাগরিকের জন্য সার্বজনীন পেনশন ব্যবস্থা চালু | [৫.১.১] সকল নাগরিকদের জন্য সার্বজনীন পেনশন ব্যবস্থা চালুর কৌশলপত্র প্রনয়ন | ফান্ডেড পেনশন ও সর্বজনীন পেনশন বিষয়ে প্রাথমিক ধারণাপত্র প্রণয়ন করা হবে | সামষ্টিক অর্থনীতি অনুবিভাগ, অর্থ বিভাগ | অর্থ বিভাগের বার্ষিক প্রতিবেদন | |
| [৫.২] নতুন পেনশনার ও কর্মকর্তা-কর্মচারীদের ডাটাবেইজ হালনাগাদকরণ | [৫.২.১] ডাটাবেইজ হালনাগাদকরণ | পেনশনার ও কর্মকর্তা-কর্মচারিদের ডাটাবেইজ প্রনয়নের ফলে মানব সম্পদ উন্নয়ন, আর্থিক ব্যবস্থাপনা এবং এ সংক্রান্ত বিষয়ে সঠিক পূর্বাভাস প্রদানে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে | বাজেট-১ অনুবিভাগ, অর্থ বিভাগ | অর্থ বিভাগের বার্ষিক প্রতিবেদন | |
| [৫.৩] আপনার প্রাপ্য পেনশন "ইএফটি'র মাধ্যমে প্রদান" জাতির পিতার জন্মশতবার্ষিকীর উপহার | [৫.৩.১] EFT এর মাধ্যমে পেনশন | EFT এর মাধ্যমে পেনশনাদের পেনশন প্রদান করা হলে সময় ও খরচ সাশ্রয় হবে | বাজেট-১ অনুবিভাগ, অর্থ বিভাগ | অর্থ বিভাগের বার্ষিক প্রতিবেদন | |

## সংযোজনী ৩: অন্য মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা/মাঠ পর্যায়ের কার্যালয় এর নিকট সুনির্দিষ্ট কর্মসম্পাদন চাহিদাসমূহ

| প্রতিষ্ঠানের ধরণ | প্রতিষ্ঠানের নাম | কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট চাহিদা/প্রত্যাশা | চাহিদা/প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|
| মন্ত্রণালয় / বিভাগ | অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয় | বাজেটে প্রাক্কলিত লক্ষ্যমাত্রার তুলনায় প্রকৃত কর বহির্ভূত রাজস্ব (non tax revenue) আদায়ের শতকরা হার | বাজেটের লক্ষ্যমাত্রা অনুযায়ী রাজস্ব আদায় | জনবল বৃদ্ধি, আইনগত ও প্রশাসনিক সংস্কারের প্রেক্ষিতে সক্ষমতা অনুযায়ী লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। | লক্ষ্যমাত্রা অনুযায়ী রাজস্ব আদায় সম্ভব না হলে ব্যয়ের চাহিদা মেটাতে অতিরিক্ত ব্যাংক ঋণ গ্রহণ সামষ্টিক অর্থনৈতিক স্থিতিশীলতা বিনষ্ট করতে পারে। |
| মন্ত্রণালয় / বিভাগ | অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, অর্থ মন্ত্রণালয় | বাজেট ঘাটতি, জিডিপির শতকরা হার | বাজেটের লক্ষমাত্রা অনুযায়ী বৈদেশিক সহায়তা সংগ্রহপূর্ণ ব্যবহার | বাজেট বাস্তবায়নের জন্য দেশীয় সম্পদের সাথে বৈদেশিক সহায়তা দরকার | লক্ষমাত্রা অনুযায়ী বৈদেশিক সহায়তা সংগ্রহ না হলে বাজেট বাস্তবায়ন সম্ভব হবে না |
| অন্যান্য | বাংলাদেশ ব্যাংক | বাজেটে প্রাক্কলিত লক্ষ্যমাত্রার তুলনায় প্রকৃত কর বহির্ভূত রাজস্ব (non tax revenue) আদায়ের শতকরা হার | মুদ্রানীতির পরিপূর্ণ বাস্তবায়ন ও বিনিময় হার স্থিতিশীল রাখা | মুদ্রানীতির পরিপূর্ণ বাস্তবায়ন ও বিনিময় হার স্থিতিশীল হলে বাজেটে বর্ণিত লক্ষমাত্রা অর্জন সহজ হবে | টেকসই অর্থনৈতিক প্রবৃদ্ধি তথা সঞ্চয়, বিনিয়োগ, আমদানি ও রপ্তানিতে বিরূপ প্রভাব পড়বে |
| অন্যান্য | বাংলাদেশ ব্যাংক | বাজেট বরাদ্দের তুলনায় প্রকৃত ব্যয়ের শতকরা হার | বাজেট বরাদ্দের পরিপূর্ণ ব্যবহার | পরিকল্পনা মন্ত্রণালয় ও বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের সাথে আলোচনাক্রমে চাহিদা অনুযায়ী বাজেট বরাদ্দ প্রদান করা হয়েছে | টেকসই অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনের লক্ষ্য অর্জন সম্ভব নাও হতে পারে |